

রাণীনগর উপজেলার নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সেপ্টেম্বর/২০২৩ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ মোহাম্মদ হাফিজুর রহমান  
উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত)  
রাণীনগর, নওগাঁ।

সভার স্থানঃ উপজেলা পরিসদ সভাকক্ষ  
রাণীনগর, নওগাঁ।

সভার তারিখঃ ২৫/০৯/২০২৩ খ্রিঃ

সময়ঃ বেলা ১১.০০ টা  
উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট -ক


সভার শুরুতে সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

আলোচ্য বিষয়ঃ

১. নারী নির্যাতন প্রতিরোধ
২. শিশু নির্যাতন প্রতিরোধ

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	সভায় সদস্যসচিব জানান যে, মুসলিম পারিবারিক আইন, ১৯৬১ এবং নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ ও ২০০৩ এর ৪ ও ৫ ধারা অনুযায়ী নারী ও শিশু নির্যাতন বন্ধ ও শাস্তির বিষয়ে প্রতিমাসে ৮টি ইউনিয়নে উঠান বৈঠক করে এবং বিভিন্ন সভা, মিটিং ও প্রশিক্ষণে (দুঃস্থ মহিলা ও কিশোরীদের মাঝে) সচেতনতা বৃদ্ধি করা হচ্ছে। এ সকল আইনি পদক্ষেপ সম্পর্কে জনগণকে অবহিত করা হচ্ছে। অসহায় ও দরিদ্র নারী নির্যাতনের শিকার হলে আইনি সহায়তা, প্রশিক্ষণ ও পুনর্বাসনের ব্যবস্থা করা হয়। হয়। এছাড়া ইভটিজিং প্রতিরোধে কিশোর-কিশোরী ক্লাবের সদস্যদের প্রশিক্ষণ প্রদান করা হয়। নারীদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হওয়ার জন্য বিভিন্ন আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান শেষে ভাতা প্রদান করা হয়, যা নারী নির্যাতন প্রতিরোধে সহায়ক ভূমিকা পালন করবে। সভাপতি বলেন নিয়মিত ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত হলে নারী ও শিশু নির্যাতন অনেক হ্রাস পাবে।	প্রতিমাসে ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা করতে হবে। নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত মামলা/অভিযোগ প্রাপ্তির পর যত দ্রুত সম্ভব তদন্ত/শুনানি শেষে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভাপতি মহোদয় সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা রাণীনগর, নওগাঁ কে নির্দেশ প্রদান করেন।	ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), অফিসার ইনচার্জ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
মোহাম্মদ হাফিজুর রহমান  
উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত)  
রাণীনগর, নওগাঁ।

০/৯  
  
২০/৯/২৩

“শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
রাণীনগর, নওগাঁ।  
dwa.raninagar.naogaon.gov.bd

স্মারক নং-৩২.০১.৬৪৮৫.০০১.০২.০০০.২৩- ২২৪

তারিখঃ ২৫/০৯/২০২৩খ্রিঃ  
১০আশ্বিন, ১৪৩০

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাণীনগর

২. মহিলা ভাইস চেয়ারম্যান

৩. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নওগাঁ

৪. উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার

৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, রাণীনগর থানা

৬. উপজেলা সমাজসেবা অফিসার

৭. উপজেলা শিক্ষা অফিসার

৮. উপজেলা যুব উন্নয়ন অফিসার

৯. স্থানীয় প্রেসক্লাবের প্রতিনিধি

১০. শিক্ষক সমিতির সভাপতি (মাধ্যমিক)

১১. শিক্ষক সমিতির সভাপতি (প্রাথমিক)

১২. এনজিও প্রতিনিধি (মহিলা)



(শাহিনা আকতার)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

রাণীনগর, নওগাঁ।

ফোনঃ ০২৫৮৮৮৮৫৬৫৫

email-uwaoraninagar@gmail.com

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

ক্রঃনং		পদবী
১.	উপজেলা নির্বাহী অফিসার	সভাপতি
২.	মহিলা ভাইস চেয়ারম্যান	সদস্য
৩.	উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার	সদস্য
৪.	ভারপ্রাপ্ত কর্মকর্তা, রাণীনগর থানা	সদস্য
৫.	উপজেলা সমাজসেবা অফিসার	সদস্য
৫.	উপজেলা শিক্ষা অফিসার	সদস্য
৭.	উপজেলা যুব উন্নয়ন অফিসার	সদস্য
৮.	স্থানীয় প্রেসক্লাবের প্রতিনিধি	সদস্য
৯.	শিক্ষক সমিতির সভাপতি(মাধ্যমিক)	সদস্য
১০.	শিক্ষক সমিতির সভাপতি(প্রাথমিক)	সদস্য
১১.	এনজিও প্রতিনিধি(মহিলা)	সদস্য
১২.	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য সচিব